

🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১৭৮

💵 আরবি মূল আয়াত:

مَن يَّهِدِ اللَّهُ فَهُوَ المُهتَدِى وَ مَن يُّضلِل فَأُولَئِكَ هُمُ الخسِرُونَ ﴿١٧٨﴾

🗚 অনুবাদসমূহ:

যাকে আল্লাহ হিদায়াত করেন সে-ই হিদায়াতপ্রাপ্ত আর যাদেরকে তিনি পথভ্রস্ট করেন তারাই ক্ষতিগ্রস্ত। — আল-বায়ান

আল্লাহ যাকে হিদায়াত করেন সেই হিদায়াত লাভ করে, আর যাকে পথভ্রস্ট করেন তারাই হয় ক্ষতিগ্রস্ত। — তাইসিক্ল

আল্লাহ যাকে পথ দেখান সে'ই পথ প্রাপ্ত হয়, আর যাকে তিনি পথ প্রদর্শন হতে বঞ্চিত করেন সে ব্যর্থ ও ক্ষতিগ্রস্ত হয়। — মুজিবুর রহমান

Whoever Allah guides - he is the [rightly] guided; and whoever He sends astray - it is those who are the losers. — Sahih International

১৭৮. আল্লাহ যাকে পথ দেখান সে-ই পথ পায় এবং যাদেরকে তিনি বিপথগামী করেন তারাই ক্ষতিগ্রস্ত।(১)

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ্ তা'আলা তার সৃষ্টিকে অন্ধকারে সৃষ্টি করেছেন। তারপর সেসবের উপর আপন নূরের জ্যোতি ফেললেন। যার উপর সে জ্যোতি পড়েছে সে হেদায়াতপ্রাপ্ত হবে আর যার উপর সে জ্যোতি পড়েনি সে পথভ্রম্ভ হবে। এজন্য আমি বলি, আল্লাহর জ্ঞানের উপর লিখে কলম শুকিয়ে গেছে। [তিরমিযীঃ ২৬৪২]

তাফসীরে জাকারিয়া

(১৭৮) আল্লাহ যাকে পথ দেখান, সেই পথ পায় এবং যাদেরকে তিনি বিপথগামী করেন, তারাই ক্ষতিগ্রস্ত। [1]

[1] এটি আল্লাহর একটি ইচ্ছাগত নিয়ম, যা এর পূর্বে দু-তিন বার স্পষ্টভাবে অলোচিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1132



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন